চাটমোহর-ভাঙ্গুড়া সীমান্তে সীমানা ফলক উন্মোচন

চাটমোহর-ভাঙ্গুড়া সীমান্তে
সীমানা ফলক উন্মোচন

চাটমোহর প্রিতিনিধি : শনিবার (২৫ জুন) চাটমোহর উপজেলার সীমানা ফলক উন্মোচন করা হয়েছে। চাটমোহর উপজেলার গুনাইগাছা ইউনিয়নের রামচন্দ্রপুর গ্রামে চাটমোহর-ভাঙ্গুড়া সীমান্ত এলাকায় এই ফলক উন্মোচন করেন কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি আলহাজ্ব মোঃ মকবুল হোসেন এমপি, পাবনা-৩।

এ সময় চাটমোহর উপজেলা চেয়ারম্যান মোঃ হাসাদুল ইসলাম হীরা, ফরিদপুর উপজেলা চেয়ারম্যান খলিলুর রহমান সরকার, চাটমোহর উপজেলা নির্বাহী কর্মকর্তা শেহেলী লায়লা, থানার ওসি সুব্রত কুমার সরকার, গুনাইগাছা ইউপি চেয়ারম্যান গোলাম মওলা, নব-নির্বাচিত চেয়ারম্যান মোঃ নুরুল ইসলাম, চাটমোহর ব্যবসায়ী সমিতির সভাপতি কে এম বেলাল হোসেন স্বপন, দৈনিক চলনবিল সম্পাদক রকিবুর রহমান টুকুনসহ অন্যরা উপস্থিত ছিলেন।

উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় ২ লাখ ৮৮ হাজার ৫শ’টাকা ব্যয়ে এই ফলক নির্মাণ করা হয় বলে জানা গেছে। ইতিপূর্বে উপজেলার ভবানীপুরে চাটমোহর-আটঘরিয়া সীমান্তে সীমানা ফলক উন্মোচন করেন পাবনা জেলা প্রশাসক, রেখা রানী বালো।